# **"ন্যায়বিচারের উদ্দেশ্যে" মামলা খারিজ বা জরিমানা হ্রাসের জন্য যুক্তিতর্ক**

**আইন কী বলে:** NYC আইনের অধীনে, যদি কোনো ব্যক্তি কোনো NYC আইন, নিয়ম বা নীতিমালা "লঙ্ঘন করে", তাহলে আইনই সেই জরিমানা নির্ধারণ করবে। তবে কিছু ক্ষেত্রে, ব্যক্তিটিকে NYC আইন, নিয়ম বা নীতিমালা "লঙ্ঘনকারী" হিসেবে পাওয়া গেলেও "ন্যায়বিচারের উদ্দেশ্যে" ঐ ব্যক্তি জরিমানা হ্রাসে জন্য যুক্তিতর্কে যেতে পারেন।

NYC আইনের অধীনে, কোনো যথার্থ "ন্যায়বিচারের উদ্দেশ্যে যুক্তিতর্ক" উপস্থাপন করা হলে, একজন শুনানি কর্মকর্তা সেটি মেনে নেওয়ার সিদ্ধান্ত নিতে পারেন যদি তিনি (1) মনে করেন **এক বা একাধিক বিবেচ্য বিষয় বা পরিস্থিতির ভিত্তিতে** জরিমানা হ্রাস করা উপযুক্ত হবে (2) "**কারণ তা স্পষ্টভাবে প্রদর্শন করে**" যে, পূর্ণ জরিমানা আরোপ করলে "**সেটি অন্যায় হবে।**" **দ্রষ্টব্য:** আপনি যদি অভিযোগ স্বীকারও করে নেন, তবুও শুনানি কর্মকর্তা আইন নির্ধারিত জরিমানার যথার্থতা বিবেচনা করতে পারেন।

**যুক্তিতর্কটি কখন করা যেতে পারে:** "ন্যায়বিচারের উদ্দেশ্যে" যুক্তিতর্ক **শুধুমাত্র নিম্নে উল্লেখিত ক্ষেত্রগুলোতে সীমাবদ্ধ থাকবে:**

1. যে সকল ক্ষেত্রে কমিউনিটি সেবা একটি সম্ভাব্য জরিমানা;
2. বেশিরভাগ ক্ষেত্রে, কিন্তু সকল ক্ষেত্রে নয়, যদি তা ট্যাক্সি অ্যান্ড লিমোজিন কমিশন (Taxi and Limousine Commission,"TLC") আরোপ করে।

**"কমিউনিটি সেবার" ক্ষেত্রে:** যে সকল ক্ষেত্রে কমিউনিটি সেবা একটি সম্ভাব্য জরিমানা, সে সকল ক্ষেত্রে "ন্যায়বিচারের উদ্দেশ্যে" আপনি সমন **খারিজের** জন্য যুক্তিতর্কে যেতে পারেন।

**TLC সংক্রান্ত নির্দিষ্ট কিছু ক্ষেত্রে:** "ন্যায়বিচারের উদ্দেশ্যে" জরিমানা **হ্রাসের** জন্য আপনি যুক্তিতর্কে যেতে পারেন।

**কিভাবে "ন্যায়বিচারের উদ্দেশ্য" আলোচনা করবেন:** আপনার শুনানিকালে শুনানি কর্মকর্তার সামনে আপনি যুক্তিতর্কটি উত্থাপন করতে পারেন। উপযুক্ত ক্ষেত্রে যুক্তিতর্ক উপস্থাপন করা হলে, সেটি মেনে নেওয়া বা না নেওয়ার ক্ষেত্রে শুনানি কর্মকর্তা নিচের বিষয়গুলো বিবেচনা করবেন:

- কথিত লঙ্ঘন(সমূহের) গম্ভীরতা এবং পরিস্থিতি(সমূহ);
- কথিত লঙ্ঘন(সমূহের) কারণে হওয়া ক্ষতির মাত্রা;
- কথিত লঙ্ঘন(সমূহের) পক্ষে ও বিপক্ষের প্রমাণ;
- কথিত লঙ্ঘন(সমূহে) অভিযুক্ত ব্যক্তির ইতিহাস, চরিত্র, এবং অবস্থা;
- কথিত লঙ্ঘন(সমূহে) অভিযুক্ত ব্যক্তির উপর জরিমানা আরোপের উদ্দেশ্য ও প্রভাব;
- কমিউনিটির সুরক্ষা বা কল্যাণের উপর খারিজ বা জরিমানা হ্রাসের প্রভাব।
- সমন জারীকারী এজেন্সির প্রতি (TLC মামলার ক্ষেত্রে), আদালত ব্যবস্থার প্রতি এবং আইন প্রয়োগের প্রতি জনগণের আস্থার উপর খারিজ বা জরিমানা হ্রাসের প্রভাব;
- প্রস্তাবিত খারিজ বা জরিমানা হ্রাসের ফলে (1) বিবাদীর নির্দিষ্ট পরিস্থিতি এবং (2) অভিযুক্ত লঙ্ঘনের রেফারেন্সে সমন জারীকারী এজেন্সির (NYPD, TLC, ইত্যাদি) অবস্থান।
- সমনে প্রদত্ত জরিমানা আরোপের সিদ্ধান্ত (TLC মামলার ক্ষেত্রে) বা লঙ্ঘনের অভিযোগ বহাল রাখার সিদ্ধান্ত কোনো উপকারে আসবে কি না তা নির্দেশকারী অন্য যেকোনো সংশ্লিষ্ট তথ্য।

**দ্রষ্টব্য:** "ন্যায়বিচারের উদ্দেশ্যে" যদি আপনার পক্ষে জরিমানা হ্রাস বা খারিজের রায় দেওয়াও হয়, ***তার মানে এই নয় যে বিষয়টি শেষ হয়ে গেছে।*** আপনার মামলার ক্ষেত্রে সম্ভাব্য জরিমানাটি যদি কমিউনিটি সেবা হয়ে থাকে, তাহলে সমন জারীকারী NYC এজেন্সি শুনানি কর্মকর্তার সিদ্ধান্তের তারিখ হতে 35 দিনের মধ্যে "ন্যায়বিচারের উদ্দেশ্যে" রায় খারিজের জন্য আপীল করতে পারবে। আপনার মামলাটি যদি TLC বিষয়ক হয়ে থাকে, তাহলে TLC 20 দিনের মধ্যে "ন্যায়বিচারের উদ্দেশ্যে" জরিমানা হ্রাস নিশ্চিত করতে, অথবা সমনের সামনে তালিকাভুক্ত "ন্যূনতম জরিমানা" পর্যন্ত জরিমানা বৃদ্ধি করতে পারবে।
**দ্রষ্টব্য:** উপযুক্ত ক্ষেত্রে আপনার "ন্যায়বিচারের উদ্দেশ্যে" যুক্তিতর্ক উপস্থাপনের অধিকার থাকা সত্ত্বেও যদি আপনি তা না করেন, শুনানি কর্মকর্তা তবুও সেটি বিবেচনা করতে পারেন।

**অতিরিক্ত সহায়তার জন্য অনুগ্রহ করে যেকোনো OATH ঠিকানায় সোমবার থেকে শুক্রবার, সকাল 8 টা থেকে বিকেল 5 টা পর্যন্ত সরাসরি OATH হেল্প সেন্টারে এসে, টেলিফোনে (212) 436-0845 নম্বরে, অথবা ইমেইলে Manhelpcenter@oath.nyc.gov-তে যোগাযোগ করুন**